৭

দৈনিক বাংলা

দৈনিক বাংলা

তারিখ 08 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ঢাকা ভার্সিটিতে প্রিলিমিনারীতে ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে শেষবারে মতো ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হয়ে গেল পরীক্ষার্থীদের। ডিগ্রী পাস করতে সর্বমোট চার বছর সময় লাগছে। শোনা যাচ্ছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলি-মিনারী ভর্তি পরীক্ষা আগামী জানুয়ারীতে অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে যারা এবার ৯৩-এ ডিগ্রী পরীক্ষা (অনুষ্ঠিত '৯৪ অক্টোবর) দিলো। তাদের রেজাল্ট যদি তাড়াতাড়ি প্রকাশ করা হয় তবে জানুয়ারীতে অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় তারা অংশ নিতে পারবে। এবারের ডিগ্রী পরীক্ষার্থীদের সংখ্যা খুবই কম। ইচ্ছা করলেই তাদের খাতা তাড়াতাড়ি দেখে রেজাল্ট প্রকাশ করা সম্ভব।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছে তাই অনুরোধ, তারা যেন ডিগ্রী পরীক্ষার রেজাল্ট প্রকাশ করে ছাত্র/ছাত্রীদের প্রিলিমিনারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেন। কারণ জানু-য়ারীতে অনুষ্ঠিত পরীক্ষায় যদি তারা অবতীর্ণ হতে না পারে তবে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য এক বছর অপেক্ষা করতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

- হারুন
২৬৫ শহীদনগর, লালবাগ
ঢাকা-১২১১।